রেজিস্টার্ড নং ডি এ-১

টাইপ ফাউন্ড্রি/শি.
১১১৭৮৩

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, আগষ্ট ৭, ১৯৮৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ নিম্নতম মজুরী বোর্ড

**বিজ্ঞপ্তি**

**ঢাকা, ২৮শে জুলাই ১৯৮৩**

নং মজুরী/পাঁচ/৩/৮১/২৮০—১৯৬১ সনের নিম্নতম মজুরী অধ্যাদেশের [১৯৬১ সনের অধ্যাদেশ নং ৩৯-এর ৫(২) ধারা এবং ১৯৬১ সনের নিম্নতম মজুরী বিধিমালার ১৫(১) ধারার] বিধি মোতাবেক বাংলাদেশ নিম্নতম মজুরী বোর্ডের টাইপ ফাউণ্ড্রী শিল্প প্রতিষ্ঠানে নিয়োজিত শ্রমিকদের জন্য প্রণীত নিম্নতম মজুরীর "খসড়া সুপারিশ" সাধারণের অবগতির জন্য অত্র বিজ্ঞপ্তি মারফত জানান যাইতেছে।

এই খসড়া সুপারিশের উপর যদি কাহারও কোন আপত্তি বা তথ্যভিত্তিক বক্তব্য থাকে তাহা হইলে তাহাদের আপত্তি বা তথ্যভিত্তিক বক্তব্য লিখিতভাবে বাংলাদেশ গেজেটে প্রকাশিত এই বিজ্ঞপ্তির তারিখ হইতে ১৪ দিনের মধ্যে চেয়ারম্যান, নিম্নতম মজুরী বোর্ড, ৪১/এ, চামেলীবাগ, ঢাকা-১৭, বরাবরে পাঠাইতে হইবে। উক্ত সময়-সীমা অতিক্রান্ত হইবার পর বোর্ড প্রাপ্ত আপত্তি বা বক্তব্য বিবেচনাক্রমে সরকারের নিকট সুপারিশ উপস্থাপন করিবেন।

বাংলাদেশ নিম্নতম মজুরী বোর্ডের আদেশক্রমে

খোন্দকার বদরুদ্দিন আহমেদ
চেয়ারম্যান,
নিম্নতম মজুরী বোর্ড,
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।


মূল্য : ৩০ পয়সা

## বাংলাদেশ নিম্নতম মজুরী বোর্ড

## "টাইপ ফাউন্ড্রী" শিল্প প্রতিষ্ঠান

## খসড়া সুপারিশ, ১৯৮৩ ইং

১৯৬১ সনের নিম্নতম মজুরী অধ্যাদেশের (অধ্যাদেশ নং ৩৯) ৫ ধারার বিধান অনুযায়ী বাংলাদেশ সরকার ৮ই এপ্রিল ১৯৮২ তারিখের এস, আর, ও, এল/৩২/এস-এগার/এম ডব্লিউ বি-/৪৮/৮১/১০৬(৩) নং বিজ্ঞপ্তি মোতাবেক বাংলাদেশ টাইপ ফাউণ্ড্রী শিল্পে নিয়োজিত শ্রমিকদের নিম্নতম মজুরী ধার্যের নির্দেশ দেন এবং উক্ত দায়িত্ব পালনের জন্য ১৯৮২ সনের ২২শে নভেম্বর এস, আর, ও, ৩৯২-এল/৮২/এস-এস/২(৫)/৮২ নং বিজ্ঞপ্তি দ্বারা টাইপ ফাউণ্ড্রী শিল্পের জন্য বোর্ড গঠন করেন।

বোর্ড সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠানের মালিক ও শ্রমিক পক্ষ হইতে প্রয়োজনীয় তথ্যাবলী সংগ্রহক্রমে বিভিন্ন শ্রেণীর শ্রমিকদের কর্মাবস্থা, মালিকের মজুরী প্রদানের পদ্ধতি, অর্থনৈতিক অবস্থা, জীবিকা নির্বাহের ব্যয় ইত্যাদি কতিপয় বিষয় পর্যবেক্ষণ করেন।

অতঃপর বোর্ড নিম্নতম মজুরী অধ্যাদেশের ৫ ধারা মোতাবেক গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নিকট নিম্নলিখিত সুপারিশের প্রস্তাব পেশ করিতেছেন:—

১। টাইপ ফাউণ্ড্রী শিল্প প্রতিষ্ঠানে নিয়োজিত শ্রমিকদের বিভিন্ন পদবী, তাহাদের কাজের ধারা ও প্রকৃতি, জ্ঞান, অভিজ্ঞতা ও দক্ষতা ইত্যাদি বিবেচনাক্রমে (১) উচ্চতর দক্ষ, (২) দক্ষ-১, (৩) দক্ষ-২, (৪) আধা-দক্ষ ও (৫) অদক্ষ এই পাঁচ শ্রেণীতে বিভক্ত করা হয় যাহা অত্র সাথে সংযোজিত পরিচ্ছেদ "ক"-এ বলা হইয়াছে।

২। এই সুপারিশ ঘোষণার পর হইতে শিল্প প্রতিষ্ঠানের মালিক "ক" পরিচ্ছেদে লিখিত শ্রমিকদের পদবিন্যাস অনুযায়ী যথাযথ পদে সন্নিবেশিত করিয়া মজুরী রেজিষ্টারভুক্ত করিবেন এবং প্রয়োজনবোধে মজুরী স্লিপও প্রদান করিবেন।

৩। ফুরণ ভিত্তিক মজুরীর হার এতদসংগে "খ" পরিচ্ছেদে বর্ণিত হইল।

৪। যদি কোন কারণে কোন পদ "ক" পরিচ্ছেদে উল্লেখ না থাকে তবে উক্ত শিল্প প্রতিষ্ঠানের মালিক অবশ্যই উক্ত পদের শ্রেণী নির্ধারণক্রমে উক্ত "ক" পরিচ্ছেদে লিখিত নিম্নতম মজুরী প্রদান করিবেন এবং অনতিবিলম্বে এই সংশোধনের বিষয় নিম্নতম মজুরী বোর্ডে জানাইবেন।

৫। যদি কোন শিল্প প্রতিষ্ঠানে কোন শ্রমিক ঠিকাদারের মাধ্যমে নিয়োজিত হইয়া মজুরী প্রাপ্ত হইয়া থাকেন তবে সেই শ্রমিকও ১৯৬১ সনের নিম্নতম মজুরী অধ্যাদেশের ২(৯) ধারা অনুযায়ী "শ্রমিক" বলিয়া গণ্য হইবেন এবং উক্ত নিয়োগকারী ঠিকাদার মালিকের ন্যায় কার্য্য করিবেন।

৬। "ক" ও "খ" পরিচ্ছেদে উল্লিখিত নিম্নতম মজুরী সর্ব্বোচ্চ মজুরী হিসাবে গণ্য হইবে না এবং উক্ত মজুরী অপেক্ষা কোথাও যদি অধিক হারে মজুরী প্রদত্ত হইয়া থাকে, তবে তাহা হ্রাস করা যাইবে না। নিয়োগকর্তা/মালিক পক্ষ ইচ্ছা করিলে নিজেদের উদ্যোগে বা যৌথ চুক্তি অনুযায়ী অধিকতর যোগ্যতাসম্পন্ন শ্রমিককে বিশেষ বা অন্য কোন কারণে অধিক হারে মজুরী প্রদান করিতে পারিবেন।

খোন্দকার বদরুদ্দিন আহমেদ
চেয়ারম্যান,
নিম্নতম মজুরী বোর্ড,
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।

ডঃ তাহেরুল ইসলাম
নির্দলীয় সদস্য।

গোলাম মর্তুজা
মালিক পক্ষের সদস্য।

মুজিবুল হক
মালিক পক্ষের সদস্য।

নজরুল ইসলাম খান
শ্রমিক পক্ষের সদস্য।

খন্দকার জামাল উদ্দিন
শ্রমিক পক্ষের সদস্য।

"ক" পরিচ্ছেদ

| শ্রমিক পদবিন্যাস ও শ্রেণী বিভাগ : | নিম্নতম মজুরী | | |
|---|---|---|---|
| | মূল মজুরী টাকা | প্রান্তিক ভাতা টাকা | মোট টাকা |
| **উচ্চতর দক্ষ :** | ৭০০ | ৩১৫ | ১,০১৫ |
| ১। ম্যাট্রিকস মেকার/ডাইস মেকার | | | |
| ২। হেডম্যান | | | |
| ৩। সুপারভাইজার | | | |
| ৪। মেকানিক (অটোমেটিক) | | | |
| **দক্ষ-১ :** | ৬০০ | ২৮৫ | ৮৮৫ |
| ১। সিনিয়র অটো মেশিনম্যান | | | |
| ২। হ্যাণ্ড কাষ্টিং মেকানিক | | | |
| ৩। ষ্টোর ইন্‌চার্জ | | | |
| **দক্ষ-২ :** | ৫০০ | ২৫৫ | ৭৫৫ |
| ১। সিনিয়র ষ্টোর কিপার | | | |
| ২। সিনিয়র হ্যাণ্ড কাষ্টিং মেশিনম্যান | | | |
| ৩। রান্দাম্যান | | | |
| **আধা-দক্ষ :** | ৪০০ | ২২৫ | ৬২৫ |
| ১। জুনিয়র অটোমেশিনম্যান | | | |
| ২। জুনিয়র হ্যাণ্ড কাষ্টিং মেশিনম্যান | | | |
| ৩। জুনিয়র ষ্টোর কিপার | | | |
| ৪। টাইপ ফিনিশার (যথা/সাজানো/করণ টানা) | | | |
| **অদক্ষ :** | ৩২০ | ২০১ | ৫২১ |
| ১। পিয়ন | | | |
| ২। দারোয়ান | | | |
| ৩। কুলি | | | |
| ৪। ঝাড়ুদার | | | |
| ৫। অন্যান্য সাধারণ শ্রমিক | | | |

পরিচ্ছেদ "খ"

ফ্‌রণভিত্তিক নিম্নতম মজুরী

| কাজের শ্রেণী বিভাগ : | নিম্নতম মজুরী প্রতিমণ অনুসারে : টাকা |
|---|---|
| **টাইপ ফিনিশিং (যথা)** | |
| ১। বডি টাইপ মোটা .. .. | ৫০ |
| ২। বডি টাইপ পাতলা .. .. | ৬০ |
| ৩। বডি টাইপকরণ—মোটা .. .. | ৮০ |
| ৪। বডি টাইপকরণ—পাতলা .. .. | ১০০ |
| ৫। হেডিং টাইপ মোটা এবং পাতলা .. .. | ৪০ |
| ৬। হেডিং টাইপকরণ—মোটা/পাতলা .. .. | ৬০ |

| শ্রমিক পদবিন্যাস ও শ্রেণী বিভাগঃ | নিম্নতম মজুরী প্রতি মণ অনুসারেঃ টাকা |
|---|---|
| **টাইপ কাষ্টিং** | |
| ১। বডি টাইপ মোটা | ৫০ |
| ২। বডি টাইপ পাতলা | ৬০ |
| ৩। হেডিং টাইপ—সবরকম | ৪০ |
| **সাজানো** | |
| ১। বডি টাইপ/হেডিং টাইপ | ২০ |
| **রান্দাকরণ** | |
| সবরকম টাইপ | ১৫ |

বিঃদ্রঃ—ব্ল্যাংকের হার আনুপাতিক হারে কম হইবে।

প্রান্তিক ভাতা বলিতে বুঝায়ঃ

| | |
|---|---|
| ১। বাড়ী ভাড়া ভাতা | ৩০% (মূল মজুরীর) |
| ২। চিকিৎসা ভাতা | ৬০ টাকা মাসিক। |
| ৩। যাতায়াত ভাতা | ২০ টাকা মাসিক। |
| ৪। রেশন ভাতা | ২৫ টাকা হারে। |

খন্দকার ওবায়দুল মোক্তাদের, সুপারিনটেন্ডেন্ট, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
এসিসটেন্ট কন্ট্রোলার বাংলাদেশ ফরমস্ এন্ড পাবলিকেশনস্ অফিস, ঢাকা কর্তৃক প্রকাশিত।